কক্সবাজারে বাসচাপায় মুসল্লীর মৃত্যু, টায়ার জ্বালিয়ে বিক্ষোভে এলাকাবাসী



সংগৃহীত ছবি

কক্সবাজার শহরের কেন্দ্রীয় বাস টার্মিনালে যাত্রী তোলার প্রতিযোগীতায় দুই বাসের চাপায় এক মুসল্লীর মৃত্যু হয়েছে। এ ঘটনায় উত্তেজিত এলাকাবাসী সড়ক অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করেন, ফলে যান চলাচল বন্ধ হয়ে যায়।

গতকাল শুক্রবার রাত অনুমানিক ১২টার দিকে কক্সবাজার শহরের কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় একটি ভয়াবহ সড়ক দুর্ঘটনা ঘটে। বাড়িতে ফেরার পথে এক মুসল্লী দুই বাসের যাত্রী তোলার প্রতিযোগিতায় চাপায় ঘটনাস্থলেই মারা যান। দুর্ঘটনার পর এলাকাবাসী ক্ষোভে ফেটে পড়ে সড়কে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ শুরু করে। এলাকাবাসী ২৪ ঘন্টার আল্টিমেটাম দিয়েছে প্রশাসনকে। এ সময় কিছুক্ষণ যান চলাচল বন্ধ হয়ে যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং যানবাহন চলাচল স্বাভাবিক করে।

LENS ASIA